UC-B®

**Herbal Medicine**

Undenatured Type II Collagen 40 mg + *Boswellia serrata* 100 mg

**Composition**

**UC-B® :** Each UC-B® capsule contains Undenatured Type II Collagen (UC-II) 40 mg + *Boswellia serrata* (Standardized extract of AKBA 80%) 100 mg.

**Indications**

This preparation is indicated in-

- Osteoarthritis & rheumatoid arthritis
- Difficulties in flexibility & mobility
- Joint pain & inflammation
- Joint discomfort & stiffness (knee extension)
- Impaired joint function

**Mode of Action**

**Undenatured Type II Collagen (UC-II):** Undenatured Type II collagen (UC-II) is a nutritional supplement derived from chicken sternum cartilage using a patented, low-temperature, non-enzymatic manufacturing process that preserves the natural triple helix molecular configuration and its biological activity. UC-II has unique mechanism of action. UC-II molecules contain active binding sites called epitopes which trigger the process of oral tolerization. Through oral tolerization process, active epitopes of UC-II interact with Peyer's patches (lymphoid tissue) of small intestine and it transforms T-cells into T- regulatory cells. T-regulatory cells then migrate to joint area and secrete anti-inflammatory mediators (cytokines), including the TGF ß (transforming growth factor-beta) IL-4 (interleukin 4) and IL-10 (interleukin 10). Thus it reduces joint inflammation and promotes cartilage repair. According to OARSI (Osteoarthritis Research Society International), oral administration of UC-II diminished deterioration of articular cartilage of osteoarthritis (OA).

***Boswellia serrata:*** This plant extract promotes joint health by inhibiting inflammatory factors such as the 5-lipoxygenase (5-LOX) enzyme and leukotriene B4, which affect aging joints. Extract of *Boswellia serrata* has been clinically studied for osteoarthritis, joint function & joint pain. *Boswellia* may also help to reduce cartilage damage in arthritis. In a placebo-controlled clinical study, *Boswellia* extract improves signs of joint discomfort in just 8 weeks. *Boswellia serrata* works as a promising alternative to NSAIDs.

**Dosage & Administration**

**Adult dose:** 1 capsule orally once daily after meal or as directed by the physician.

**Use in children & adolescents:** Safety and effectiveness in children patients below 12 years of age have not been established.

**Contraindications:** Contraindicated in patients with known hypersensitivity to chicken & egg.

**Side Effects:** The combination of Undenatured Type II Collagen & *Boswellia* is generally well-tolerated in the recommended dose. Overdose may cause headache & constipation.

**Drug Interactions**

There have been no reports of significant drug interactions of UC-II, *Boswellia serrata*. But in case of *Boswellia serrata* there is a chance of drug interaction with blood thinner medications (e,g warfarin & heparin).

**Use in Pregnancy & Lactation:** Not recommended during pregnancy and lactation.

**Precautions & Warnings:** No special studies were confirmed in patients with renal and/or hepatic insufficiency. However, administration to these patients with severe renal or hepatic insufficiency should be under appropriate medical supervision.

**Storage:** Store below 30° C temperature & in dry place, protected from light. Keep out of the reach of children.

**Packaging:** Each box contains 10X3 capsules in Alu-Alu blister.

OPSONIN Herbal & Nutraceuticals Ltd.
Opsonin Herbal & Nutraceuticals
Gateway to Nature's Remedy

*Manufactured by:*
**Opsonin Herbal & Nutraceuticals Limited**
Barishal, Bangladesh.

ইউসি-বি®

**হারবাল ঔষধ**

**আনডিন্যাচার্ড টাইপ ২ কোলাজেন ৪০ মি.গ্রা. + *বসিলিয়া সেরেটা* ১০০ মি.গ্রা.**

**উপাদান**

প্রতিটি ক্যাপসুলে রয়েছে-আনডিন্যাচার্ড টাইপ-২ কোলাজেন (ইউসি-২) ৪০ মি.গ্রা. + *বসিলিয়া সেরেটা* নির্যাস (৮০% একেবিএ) ১০০ মি.গ্রা.

**নির্দেশনা**

এই প্রিপারেশনটি নিম্নোক্ত উপসর্গে নির্দেশিত-

- অস্টিওআর্থ্রারাইটিস এবং রিউম্যাটয়েড আর্থ্রারাইটিস
- নমনীয়তা এবং গতিশীলতার অসুবিধায়
- জয়েন্টের ব্যথা ও প্রদাহ
- জয়েন্টের অস্বস্তি এবং সংকোচন-প্রসারণ অসুবিধায় (হাঁটুর প্রসারনের অসুবিধা)
- জয়েন্টের কার্যক্ষমতার অবনতিতে

**ফার্মাকোলজি**

**আনডিন্যাচার্ড টাইপ-২ কোলাজেন (ইউসি-২):** আনডিন্যাচার্ড টাইপ-২ কোলাজেন (ইউসি-২) হল একটি পুষ্টিকর সম্পূরক যা পেটেন্টযুক্ত, নিম্ন তাপমাত্রায়, নন এনজাইমেটিক উৎপাদন প্রক্রিয়া ব্যবহার করে চিকেন স্টার্নাম কার্টিলেজ থেকে প্রাপ্ত। এটি প্রাকৃতিক ট্রিপল হেলিক্স কাঠামো এবং জৈবিক ক্রিয়াকে কার্যকর রাখে।

আনডিন্যাচার্ড টাইপ-২ কোলাজেন (ইউসি-২) বিশেষ প্রক্রিয়ায় কাজ করে। ইউসি-২ এর এপিটপস নামে একটি সক্রিয় বাইন্ডিং সাইট আছে যা ওরাল টলারাইজেশন প্রক্রিয়াকে ত্বরান্বিত করে। ওরাল টলারাইজেশন প্রক্রিয়া দ্বারা ইউসি-২ এর সক্রিয় এপিটপগুলো ক্ষুদ্রান্ত্রের পিয়ার'স প্যাচের (লসিকা কলা) সংস্পর্শে এসে কোলাজেন টি-কোষকে টি-রেগুলেটরি কোষে রূপান্তরিত করে। এই টি-রেগুলেটরি কোষ অস্থিসন্ধিতে পৌঁছায় এবং প্রদাহ বিরোধী মেডিয়েটরগুলো যেমন- টিজিএফ-বিটা (ট্রান্সফরমিং গ্রোথ ফ্যাক্টর-বিটা), আইএল-৪ (ইন্টারলিউকিন-৪) ও আইএল -১০ (ইন্টারলিউকিন-১০) এর নিঃসরণ ঘটায়। এভাবে অস্থিসন্ধির প্রদাহ কমায় এবং কার্টিলেজের পুনর্গঠনে সাহায্য করে। ওআরএসআই (অস্টিওআর্থ্রারাইটিস রিসার্চ সোসাইটি ইন্টারন্যাশনাল) এর মতে ইউসি-২ ওরাল সেবনের মাধ্যমে অস্টিওআর্থ্রারাইটিস এর আর্টিকুলার কার্টিলেজের অবনতি হ্রাস করে।

***বসিলিয়া সেরেটা:*** এই ভেষজ উদ্ভিদের নির্যাস ৫-লাইপোঅক্সিজেনাস (৫-লক্স) এনজাইম ও লিউকোট্রাইন বি-৪ এর মত প্রদাহজনক ফ্যাক্টরগুলি প্রতিরোধ করে জয়েন্টে এর স্বাস্থ্যের উন্নতি করে যা বার্ধক্যজনিত জয়েন্টগুলিকে প্রভাবিত করে। অস্টিওআর্থ্রারাইটিস, জয়েন্ট ফাংশন এবং জয়েন্টের ব্যথার জন্য *বসিলিয়া সেরেটার* নির্যাস ক্লিনিক্যালীভাবে কার্যকর। *বসিলিয়া সেরেটা* আর্থ্রারাইটিসের ক্ষেত্রে কার্টিলেজের ক্ষয় হ্রাস করতে সহায়তা করে। প্লাসেবো কন্ট্রোলড ক্লিনিক্যাল স্টাডিতে *বসিলিয়া সেরেটার* নির্যাস মাত্র ৮ সপ্তাহের মধ্যে জয়েন্ট এর অস্বস্তির লক্ষণগুলির উন্নতি করে। প্রচলিত ব্যথানাশক ঔষধগুলির একটি বিকল্প হিসেবে *বসিলিয়া সেরেটা* কার্যকর।

**মাত্রা ও সেবনবিধি**

**প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে ব্যবহার:** প্রতিদিন ১ টি করে ক্যাপসুল ১ বার খাবার পর অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার:** ১২ বছরের কম বয়সী শিশুদের সুরক্ষা ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

**প্রতিনির্দেশনা**

মুরগী ও ডিম এর সাথে হাইপারসেনসিভিটি রোগীদের জন্য প্রতিনির্দেশিত।

**পার্শ্ব প্রতিক্রিয়া**

আনডিন্যাচার্ড টাইপ-২ কোলাজেন ও *বসিলিয়া* এর সংমিশ্রন নির্দেশিত মাত্রায় ব্যবহারে উল্লেখযোগ্য কোন পার্শ্বপ্রতিক্রিয়া নেই। অতিরিক্ত মাত্রায় ব্যবহারে মাথা ব্যথা ও কোষ্ঠকাঠিন্যের লক্ষণ দেখা দিতে পারে।

**ঔষধের মিথষ্ক্রিয়া**

আনডিন্যাচার্ড টাইপ-২ কোলাজেন ও *বসিলিয়া* এর উল্লেখযোগ্য অন্য ঔষধের সাথে প্রতিক্রিয়ার কোন তথ্য নেই। তবে *বসিলিয়া সেরেটা* রক্তের লঘুকরণ ঔষধগুলির (যেমন ওয়ারফেরিন ও হেপারিন) সাথে প্রতিক্রিয়ার সম্ভাবনা রয়েছে।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার**

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে নির্দেশিত নয়।

**সতর্কতা**

বৃক্ক ও যকৃত সমস্যাযুক্ত রোগীদের ক্ষেত্রে স্টাডি নেই। তবে গুরুতর বৃক্ক ও যকৃত সমস্যার রোগীদের ব্যবহারে চিকিৎসকের তত্ত্বাবধানে রাখা উচিত।

**সংরক্ষণ**

আলো থেকে দূরে, ৩০° সে. তাপমাত্রার নিচে ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহ**

প্রতিটি বক্সে আছে ১০X৩ টি ইউসি-বি® ক্যাপসুল অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

OPSONIN Herbal & Nutraceuticals Ltd.
Opsonin Herbal & Nutraceuticals
Gateway to Nature's Remedy

*প্রস্তুতকারক:*
**অপসোনিন হারবাল এন্ড নিউট্রাসিউটিক্যালস লিমিটেড**
বরিশাল, বাংলাদেশ।

0017-01